ঢাকায় দক্ষিণ কোরিয়ার প্রধানমন্ত্রী

তিন দিনের সরকারি সফরে ঢাকায় পৌঁছেছেন দক্ষিণ কোরিয়ার প্রধানমন্ত্রী লি নাক ইয়োন। শনিবার বিকেলে হযরত শাহজালাল আর্ন্তজাতিক বিমানবন্দরে অবতরণের পর তাকে স্বাগত জানান পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন।

দক্ষিণ কোরিয়ার পররাষ্ট্র দপ্তরের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, সিউলের কূটনৈতিক বৈচিত্র্য কৌশলের অংশ হিসেবে মধ্য ও দক্ষিণ এশিয়ার সঙ্গে সম্পর্ক শক্তিশালীকরণের লক্ষে লি নাক ইয়ান এ সফর করছেন। এ সফরের অংশ হিসেবে তিনি বাংলাদেশের পাশাপাশি তাজিকিস্তান, কিরগিস্তান ও কাতার যাবেন।

ঢাকা সফরকালে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন দক্ষিণ কোরিয়ার প্রধানমন্ত্রী। আজ রোববার বিকেলে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হবে। বৈঠকে বাংলাদেশ ও দক্ষিণ কোরিয়ার মধ্যে বেশ কয়েকটি চুক্তি ও সমঝোতা স্মারক সই হওয়ার কথা রয়েছে।

সফরসূচী অনুযায়ী দক্ষিণ কোরিয়ার প্রধানমন্ত্রী সাভারে জাতীয় স্মৃতি সৌধে জাতির সূর্য সন্তানদের সর্বোচ্চ আত্মগ্যাগের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাবেন। ধানমন্ডিতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গববন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতেও শ্রদ্ধা নিবেদন করবেন তিনি।

এছাড়া সাভার ইপিজেডে ইয়াঙ্গুন হাইটেক সুয়েটার ওয়ার এবং মুগদায় এডভান্স নার্সিং এডুকেশন এন্ড রিসার্স পরিদর্শন করবেন লি। হোটেল ইন্টারকন্টিনেন্টালে এফবিসিসিআই আয়োজিত বাংলাদেশ-কোরিয়া বিজনেস ফোরামেও অংশ নেবেন তিনি। ঢাকায় অবস্থানরত কোরিয়ান কমিউনিটির প্রতিনিধিদের সঙ্গে নৈশভোজেও অংশ নেবেন দেশটির প্রধানমন্ত্রী। ১৫ জুলাই রাতে ঢাকা থেকে তাজাকিস্তানের উদ্দেশ্যে রওনা হবেন তিনি।